৯ জুলাই, ২০২৬

# সরকারকে বিতর্কিত করতে নানা অপচেষ্টা চলছে: রিজভী



রিজভী। ছবি: সংগৃহীত

সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন এবং রাজনৈতিক অস্থিরতা সৃষ্টির উদ্দেশ্যে এখনও বিভিন্ন মহল সক্রিয় রয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি বলেন, পরাজিত অপশক্তির অপতৎপরতা মোকাবিলায় দেশের গণতান্ত্রিক শক্তিগুলোকে সতর্ক ও ঐক্যবদ্ধ থাকতে হবে।

বৃহস্পতিবার (৯ জুলাই) রাজধানীর নয়াপল্টনে আয়োজিত এক সংবাদ ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন।

রিজভী জানান, রথযাত্রা উপলক্ষে সনাতন ধর্মাবলম্বীদের পাশে থাকার জন্য দলের নেতাকর্মীদের নির্দেশনা দিয়েছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান। উৎসবকে শান্তিপূর্ণ ও নির্বিঘ্ন রাখতে নেতাকর্মীদের দায়িত্বশীল ভূমিকা পালন এবং প্রয়োজনে পাহারাদারের মতো সতর্ক থাকার আহ্বান জানানো হয়েছে।

তিনি বলেন, দেশি-বিদেশি বিভিন্ন মহল থেকে উসকানি ও ষড়যন্ত্রের চেষ্টা সবসময়ই থাকে। তবে এসব অপচেষ্টা যেন বাংলাদেশের দীর্ঘদিনের সাম্প্রদায়িক সম্প্রীতি ও সহাবস্থানের ঐতিহ্যকে ক্ষতিগ্রস্ত করতে না পারে, সে বিষয়ে সবাইকে সজাগ থাকতে হবে।

এ সময় সরকারের স্কুল ফিডিং কার্যক্রম ব্যাহত করার চেষ্টা চলছে বলেও অভিযোগ করেন রিজভী। তিনি এ ঘটনার সঙ্গে জড়িতদের দ্রুত আইনের আওতায় আনার দাবি জানান।

এছাড়া দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় সরকার দায়িত্বশীল ভূমিকা পালন করছে বলেও মন্তব্য করেন বিএনপির এই নেতা।

LENS ASIA